গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০২৭.০০৯.২০১৯-৩৭৮

তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ।
১০ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ** স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে প্রবর্তিত Web Based Monitoring System (MIS) এর তথ্য হালনাগাদকরণের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে গত ১১/০৯/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে প্রবর্তিত Web Based Monitoring System (MIS) এর তথ্য হালনাগাদকরণের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে গত ১১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এ সাথে প্রেরণ করা হল।


মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd


বিতরণ (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সকল), অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৪। সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব, (সকল) শাখা।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি:, গুলশান, ঢাকা।
৭। প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে প্রবর্তিত Web Based Monitoring System (MIS) এর তথ্য হালনাগাদকরণের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী |
| | : সচিব, স্থানীয় সরকার বিভাগ। |
| তারিখ ও সময় | : ১১. সেপ্টেম্বর, ২০২২ খ্রি:, দুপুর ১২.০০ টা। |
| সভার স্থান | : কক্ষ নং-৬০১ (৭ম তলা), ভবন -৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মসচিব (মনিটরিং ও মূল্যায়ন) স্থানীয় সরকার বিভাগ, সভার MIS Software তৈরির প্রেক্ষাপট তুলে ধরে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে এ মন্ত্রণালয় পরিদর্শনকালে মতবিনিময় সভায় প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং বিষয়ে নিম্নরূপ নির্দেশনা/অনুশাসন প্রদান করেনঃ

- "নির্দেশনা ১৪.৭- উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে গুনগতমান, স্বচ্ছতা, জবাবদিহি ও আর্থিক শৃঙ্খলা নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার এবং কার্যকর মনিটরিং এর জন্য তথ্য প্রযুক্তি ভিত্তিক পদ্ধতি প্রচলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- নির্দেশনা ১৪.৮- মন্ত্রণালয়/বিভাগসহ সকল দপ্তর/সংস্থার আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে মনিটরিং করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।"

০২। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুশাসন বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ও সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এর সার্বিক দিক নির্দেশনায় মনিটরিং, ইনসপেকশন ও ইভ্যালুয়েশন (মইই) অনুবিভাগ কর্তৃক তথ্য-প্রযুক্তিভিত্তিক মনিটরিং পদ্ধতি (Web Based Monitoring System) প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়। এর ধারাবাহিকতায় মহাপরিচালক (মইই) এর সমন্বয়ে গঠিত ওয়ার্কিং টিম এর সুপারিশ মোতাবেক দ্রুততম সময়ে এমআইএস প্রয়োগের স্বার্থে পিপিআর'২০০৮ এর বিধি ১০৪ ও ১১০ এবং আনুষঙ্গিক বিধি-বিধান অনুসরণপূর্বক Single Source Selection (SSS) পদ্ধতিতে এমআইএস সফট্ওয়্যার প্রস্তুত ও মেনটেইন্যান্স সেবা প্রদানের জন্য টেকনোভিস্তা লিমিটেড কে ৭৬,৬১,৮৫০/- (ছিয়াত্তর লক্ষ একষট্টি হাজার আটশত পঞ্চাশ) টাকায় চুক্তি স্বাক্ষরপূর্বক নিয়োগ প্রদান করা হয়।

০৩। মহাপরিচালক, মইই সভাকে অবহিত করেন যে, তথ্য-প্রযুক্তিভিত্তিক মনিটরিং পদ্ধতি (Web Based Monitoring System) প্রবর্তনের লক্ষ্যে ৮ মার্চ, ২০২০ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় তথ্য-প্রযুক্তিভিত্তিক মনিটরিং পদ্ধতি (Web-Based Online Monitoring System) প্রবর্তনের বিষয়টি অনুমোদন প্রদান করা হয় এবং মহাপরিচালক (মইই) এর নেতৃত্বে বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রকল্পের সংশ্লিষ্ট কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তাদের সমন্বয়ে সফট্ওয়্যার তৈরীপূর্বক পাইলট আকারে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বিভিন্ন কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং টিমের সদস্যদের নিয়ে বেশ কয়েকটি সভা করার পর MIS এর একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়। যা বর্তমানে লাইভে সক্রিয় রয়েছে। তিনি আরো বলেন, MIS Software প্রবর্তনের লক্ষ্য ও উদ্দেশ্যসহ সফটওয়্যারের কাঠামো, ব্যবহার ও সিস্টেমে প্রকল্প পরিচালকগণের করণীয় বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে সকল প্রকল্প পরিচালককে অবহিত করা হয়েছে। কিন্তু সফট্ওয়ারে তথ্য

হালনাগাদ করার চিত্র কাঙ্খিত পর্যায়ে নয় মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে মহাপরিচালক (মইই) জানান যে, সমাপ্ত প্রকল্পগুলোর তথ্যও এই সফটওয়্যারে এন্ট্রি করা প্রয়োজন এবং মনিটরিং উইং এর পাশাপাশি প্রশাসনিক শাখাগুলোকে সংযুক্ত করে এনআইএলজির মাধ্যমে বেসিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন।

০৪। উপসচিব (মনিটরিং-১), স্থানীয় সরকার বিভাগ, সফটওয়্যারটির বিভিন্ন দিক তুলে ধরে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থাপিত প্রেজেন্টেশনের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

০৫। যুগ্মসচিব (প্রশাসন) জানান , প্রতিটি প্রকল্পের PSC/PIC সভার তথ্য সফটওয়্যারে এন্ট্রি করা প্রয়োজন এবং যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত তথ্য এন্ট্রির সুযোগ সফটওয়্যারে থাকা প্রয়োজন এবং পরিদর্শন সংক্রান্ত টেমপ্লেট বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত পরিদর্শনের ফরম্যাট অনুযায়ী সংশোধন করা প্রয়োজন। এ ছাড়া সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণও উপস্থাপিত প্রেজেন্টেশনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য/মতামত প্রদান করেন।

০৬। সভাপতি উপস্থাপিত প্রেজেন্টেশনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণের আলোচনা/মতামত পর্যালোচনাপূর্বক নির্দেশনা প্রদান করেন যে, সফটওয়্যার ব্যবহারকারী সকল কর্মকর্তার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রস্তুত করা প্রয়োজন। উক্ত সফটওয়্যারের সাথে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-কে সংযুক্ত করা যায়। সফটওয়্যারটির একটি স্বয়ংসম্পূর্ণ ও যথাযথ নামকরণ নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। স্থানীয় সরকার বিভাগসহ আওতাধীন সকল প্রতিষ্ঠান হালনাগাদ চলমান প্রকল্প এবং উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ডাটা এবং সমাপ্ত প্রকল্পগুলোর তথ্যও এই সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। তিনি মনিটরিং উইং এর পাশাপাশি প্রশাসনিক শাখাগুলোকে সংযুক্ত করে এনআইএলজির মাধ্যমে বেসিক প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব আরোপ করেন। সফটওয়্যার ব্যবহারকারীকে সনাক্তকরণ এবং ডাটা নিরাপত্তার স্বার্থে কম্পিউটার/স্মার্ট ডিভাইস ব্যবহারের মাধ্যমে সফটওয়্যারে লগইন করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিভাইসের MAC ID/IME সফটওয়্যারে সংরক্ষণের সুযোগ থাকা আবশ্যক মর্মে তিনি মত প্রকাশ করেন। প্রতিটি প্রকল্পের PSC/PIC সভার তথ্য সফটওয়্যারে এন্ট্রি করা প্রয়োজন, অর্থায়নের এন্ট্রির ক্ষেত্রে স্থানীয় এবং বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত তথ্য এন্ট্রির সুযোগ সফটওয়্যারে থাকা এবং পরিদর্শন সংক্রান্ত টেমপ্লেট বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত পরিদর্শনের ফরম্যাট অনুযায়ী সংশোধন করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী সংস্থা/অনুবিভাগ |
|---|---|---|
| ১. | সফটওয়্যার ব্যবহারকারী সকল কর্মকর্তার জন্য ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করতে হবে; | মহাপরিচালক (মইই)/<br>প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি: |
| ২. | উক্ত সফটওয়্যারের সাথে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-কে সংযুক্ত করতে হবে; | মহাপরিচালক (মইই) |
| ৩. | সফটওয়্যারটির একটি স্বয়ংসম্পূর্ণ ও যথাযথ নামকরণ নিশ্চিত করতে হবে; | মহাপরিচালক (মইই) |
| ৪. | স্থানীয় সরকার বিভাগসহ আওতাধীন সকল প্রতিষ্ঠান হালনাগাদ চলমান প্রকল্প এবং উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের ডাটা উক্ত সফট্ওয়্যারে এন্ট্রি করতে হবে। একই সাথে ইত:পূর্বে সমাপ্ত প্রকল্পগুলোর তথ্যও এই সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিত করতে হবে; | সকল অনুবিভাগ |
| ৫. | মনিটরিং উইং এর পাশাপাশি প্রশাসনিক শাখাগুলোকে সংযুক্ত করে এই সফটওয়্যারটি ব্যবহার বিষয়ে এনআইএলজির মাধ্যমে বেসিক প্রশিক্ষণ প্রদান করতে হবে; | প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ |
| ৬. | একাউন্ট ব্যবহারকারীকে সনাক্তকরণ এবং ডাটা নিরাপত্তার স্বার্থে যে সকল কম্পিউটার/স্মার্ট ডিভাইস ব্যবহারের মাধ্যমে সফটওয়্যারে লগইন করা হবে তার MAC ID/IME সফটওয়্যারে সংরক্ষণের সুযোগে থাকতে হবে; | মহাপরিচালক (মইই)/<br>প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি: |
| ৭. | প্রতিটি প্রকল্পের PSC/PIC সভার তথ্য সফটওয়্যারে এন্ট্রি | মহাপরিচালক (মইই)/ |

| | | |
|---|---|---|
| | করতে হবে। | প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি: |
| ৮. | অর্থায়নের এন্ট্রির ক্ষেত্রে স্থানীয় এবং বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত তথ্য এন্ট্রির সুযোগ সফটওয়্যারে থাকতে হবে; | মহাপরিচালক (মইই)/<br>প্রজেক্ট ম্যানেজার, টেকনোভিস্তা লি: |
| ৯. | পরিদর্শন সংক্রান্ত টেমপ্লেট বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত পরিদর্শনের ফরম্যাট অনুযায়ী সংশোধন করতে হবে। | মহাপরিচালক (মইই) |
| ১০. | সকল প্রকল্প এবং উন্নয়ন সহায়তা সংক্রান্ত তথ্য সফটওয়্যারে এন্ট্রি নিশ্চিতকরণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল সংস্থা/দপ্তর এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব
স্থানীয় সরকার বিভাগ।